রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১০, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ অগ্রহায়ণ ১৪১৬ বঙ্গাব্দ/১০ ডিসেম্বর ২০০৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৬৩-আইন/২০০৯।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **শিরোনাম।**—এই বিধিমালা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;



**মূল্য ঃ** টাকা ১২.০০

(ঘ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ কোন পদে নিয়োগের ক্ষেত্রে তফসিলে, সংশ্লিষ্ট পদের বিপরীতে, উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;

(চ) **"শিক্ষানবিস"** অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত, যথাক্রমে, কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বা অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি, ইত্যাদি**।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) বদলীর মাধ্যমে; এবং

(ঘ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য, তাঁহার ক্ষেত্রে প্রযোজ্য, সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, বাছাই বা নির্বাচন কমিটি, লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে, উহার সুপারিশ প্রণয়ন করিবে।

(৪) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, বা বাংলাদেশে ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন, বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির—

(ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদে দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) নির্ধারিত পরীক্ষা, মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী, দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণী এবং তৃতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হইলে, তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **বদলীর মাধ্যমে নিয়োগ**।—কোন পদে উহার সম পদমর্যাদাসম্পন্ন ও একই ধরনের প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন পদের পদাধিকারীগণের মধ্য হইতে, তফসিলের বিধানাবলী সাপেক্ষে, বদলীর মাধ্যমে নিয়োগ করা যাইবে।

৭। **প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগ**।—তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগ করা যাইবে।

৮। **শিক্ষানবিস**।—(১) স্থায়ীভাবে শূন্য কোন পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসরূপে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাঁহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সংশ্লিষ্ট শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হইবার পর, নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসরূপে নিযুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসের—

(ক) আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহার চাকুরী স্থায়ী করিবে; অথবা

(খ) আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে,—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদে হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশ বলে, সময় সময়, যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৬, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৩) রহিত বিধিমালার অধীন গৃহীত বা কৃত সকল কার্য এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৪) এই বিধিমালা প্রবর্তনকালে রহিত বিধিমালার অধীনে গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত রহিত বিধিমালার অধীনেই এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালার কার্যকর হয় নাই।

**তফসিল**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | প্রধান প্রকৌশলী | .. | পদোন্নতির মাধ্যমে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে অন্যূন তিন বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন ছাব্বিশ বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদের তিন বৎসরের চাকুরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য হইবে। |
| (২) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | .. | পদোন্নতির মাধ্যমে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদে অন্যূন তিন বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন তেইশ বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদের তিন বৎসরের চাকুরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য হইবে। |
| (৩) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | .. | পদোন্নতির মাধ্যমে। | (ক) সহকারী প্রধান প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী), নির্বাহী প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) বা পরিবেশ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) পদে, পৃথকভাবে বা যৌথভাবে, অন্যূন মোট পাঁচ বৎসরের চাকরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন বিশ বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সহকারী প্রধান প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী), নির্বাহী প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) বা পরিবেশ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) পদের পাঁচ বৎসরের চাকরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য হইবে; এবং |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে স্নাতক ডিগ্রী অথবা Associate Member of the Institute of Engineers (এ.এম.আই.ই) এর সেকশন ‘এ’ ও ‘বি’ পরীক্ষায় উত্তীর্ণ ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতির ক্ষেত্রে, প্রকৌশলে স্নাতকোত্তর বা তদূর্ধ্ব ডিগ্রীধারী কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৪) | সহকারী প্রধান প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) | .. | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>অথবা<br>(খ) বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সিনিয়র সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী পদে, পৃথকভাবে বা উভয়পদে, অন্যূন, মোট সাত বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন পনের বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে সিনিয়র সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী পদের সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য হইবে ঃ<br>আরও শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতির ক্ষেত্রে, প্রকৌশলে স্নাতকোত্তর বা তদূর্ধ্ব ডিগ্রীধারী কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>নির্বাহী প্রকৌশলী (পুর) পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫) | নির্বাহী প্রকৌশলী (পুর) | .. | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>অথবা<br>(খ) বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সিনিয়র সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী পদে, পৃথকভাবে বা উভয়পদে, অন্যূন, মোট সাত বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন পনের বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে সিনিয়র সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী পদের সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য হইবে ঃ<br>আরও শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতির ক্ষেত্রে, প্রকৌশলে স্নাতকোত্তর বা তদূর্ধ্ব ডিগ্রীধারী কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>সহকারী প্রধান প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী), প্রশিক্ষণ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) বা পরিবেশ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (৬) | প্রশিক্ষণ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) | .. | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>অথবা<br>(খ) বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সিনিয়র সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী পদে, পৃথকভাবে বা উভয়পদে, অন্যূন, মোট সাত বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন পনের বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে সিনিয়র সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী পদের সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য হইবে ঃ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | আরও শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতির ক্ষেত্রে, প্রকৌশলে স্নাতকোত্তর বা তদূর্ধ্ব ডিগ্রীধারী কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>নির্বাহী প্রকৌশলী (পুর) পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (৭) | পরিবেশ প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী) | .. | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>অথবা<br>(খ) বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সিনিয়র সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী পদে, পৃথকভাবে বা উভয়পদে, অন্যূন, মোট সাত বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন পনের বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে সিনিয়র সহকারী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী পদের সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা শিথিলযোগ্য হইবে ঃ<br>আরও শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতির ক্ষেত্রে, প্রকৌশলে স্নাতকোত্তর বা তদূর্ধ্ব ডিগ্রীধারী কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>নির্বাহী প্রকৌশলী (পুর) পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (৮) | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদে অন্যূন পনের বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতির ক্ষেত্রে, প্রকৌশলে স্নাতকোত্তর বা তদূর্ধ্ব ডিগ্রীধারী কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯) | স্থপতি | ৪০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; অথবা<br>(খ) প্রেষণে বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যুন পনের বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে স্থাপত্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যুন তের বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ**<br>স্থাপত্য অধিদপ্তরের সমপদমর্যাদাসম্পন্ন স্থপতিগণের মধ্য হইতে। |
| (১০) | নগর পরিকল্পনাবিদ | ৪০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; অথবা<br>(খ) প্রেষণে বদলীর মাধ্যমে; অথবা<br>(গ) বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে আরবান এন্ড রিজিওনাল প্লানিং বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যুন পনের বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে আরবান এন্ড রিজিওনাল প্লানিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যুন তের বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ**<br>আরবান এন্ড রিজিওনাল প্লানিং বিষয়ে অন্যুন স্নাতক ডিগ্রীধারী, সরকারী বা সংবিধিবদ্ধ সরকারী প্রতিষ্ঠানে কর্মরত, সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>আরবান এন্ড রিজিওনাল প্লানিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ প্রথম শ্রেণীর পদে অন্যুন পনের বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন নির্বাহী প্রকৌশলীগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১১) | ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট | ৪০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; অথবা<br>(খ) প্রেষণে বদলীর মাধ্যমে; অথবা<br>(গ) বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে অর্থনীতি, পরিবহন অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন পনের বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে অর্থনীতি, পরিবহন অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন তের বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ**<br>সরকারী বা সংবিধিবদ্ধ সরকারী প্রতিষ্ঠানে ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট বা অনুরূপ প্রকৃতির সমপদমর্যাদাসম্পন্ন কোন পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট, ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ারিং বা হাইওয়ে ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন পনের বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন নির্বাহী প্রকৌশলীগণের মধ্য হইতে। |
| (১২) | সিস্টেম এনালিস্ট | ৪০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। |
| (১৩) | সিনিয়র সহকারী প্রকৌশলী | - | (ক) পদোন্নতির মাধ্যমে; অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী প্রকৌশলী (পুর) বা উপজেলা সহকারী প্রকৌশলী পদে, পৃথকভাবে বা উভয় পদে, অন্যূন মোট আট বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>উপজেলা প্রকৌশলী পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৪) | উপজেলা প্রকৌশলী | - | (ক) পদোন্নতির মাধ্যমে; অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী প্রকৌশলী (পুর) বা উপজেলা সহকারী প্রকৌশলী পদে, পৃথকভাবে বা উভয় পদে, অন্যূন মোট আট বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>সিনিয়র সহকারী প্রকৌশলী পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (১৫) | কম্পিউটার প্রোগ্রামার | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। |
| (১৬) | ঊর্দ্ধতন সমাজ-বিজ্ঞানী | - | পদোন্নতির মাধ্যমে | সমাজবিজ্ঞানী পদে অন্যূন আট বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৭) | সহকারী প্রকৌশলী (পুর) | ৩০ বৎসর | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমেঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা বদলীর মাধ্যমে পূরণ করা যাইবে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী, এস্টিমেটর (উপ-সহকারী প্রকৌশলী) বা নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী) পদে অন্যূন আট বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণের পদোন্নতির ক্ষেত্রে, পুরকৌশলে স্নাতক ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে স্নাতক ডিগ্রী; অথবা<br>(খ) Associate Member of the Institute of Engineers (এ.এম. আই.ই) এর পুরকৌশল বিষয়ের সেকশন ‘এ’ ও ‘বি’ পরীক্ষায় উত্তীর্ণ।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>উপজেলা সহকারী প্রকৌশলী পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৮) | উপজেলা সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমেঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা বদলীর মাধ্যমে পূরণ করা যাইবে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী, এস্টিমেটর (উপ-সহকারী প্রকৌশলী) বা নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী) পদে আট বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণের পদোন্নতির ক্ষেত্রে, পুরকৌশলে স্নাতক ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে স্নাতক ডিগ্রী; অথবা<br>(খ) Associate Member of the institute of Engineers (এ.এম.আই.ই) এর পুরকৌশল বিষয়ের সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>সহকারী প্রকৌশলী (পুর) পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (১৯) | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ৩০ বৎসর | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে;<br>(খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>মেকানিক্যাল ফোরম্যান পদে অন্যূন আট বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণের পদোন্নতির ক্ষেত্রে, যন্ত্র কৌশলে স্নাতক ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে যন্ত্রকৌশলে স্নাতক ডিগ্রী; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) Associate Member of the Institute of Engineers (এ.এম.আই.ই) এর যন্ত্রকৌশল বিষয়ের সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ। |
| (২০) | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে তড়িৎ কৌশলে স্নাতক ডিগ্রী; অথবা<br>(খ) Associate Member of the Institute of Engineers (এ.এম.আই.ই) এর তড়িৎ কৌশল বিষয়ের সেকশন 'এ' এবং 'বি' পরীক্ষায় উত্তীর্ণ। |
| (২১) | এগ্রোনোমিস্ট | ৩০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; অথবা<br>(খ) প্রেষণে বদলীর মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীতে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী ঃ<br>তবে শর্ত থাকে যে, এগ্রোনমিতে স্পেশালাইজেশনসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ**<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (২২) | এ্যাকুয়াকালচারিস্ট | ৩০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; অথবা<br>(খ) প্রেষণে বদলীর মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফিসারীজ বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীতে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ**<br>মৎস্য অধিদপ্তরের সম পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৩) | পরিসংখ্যানবিদ | ৩০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; অথবা<br>(খ) প্রেষণে বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, হিসাব বিজ্ঞান, অর্থনীতি, ডেমোগ্রাফি, সোসিওলজি, সোসিয়াল ওয়ার্ক বা সোসিয়াল ওয়েলফেয়ার বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীতে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ**<br>পরিসংখ্যান ব্যুরোতে কর্মরত সম পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (২৪) | হিসাব রক্ষণ কর্মকর্তা | | পদোন্নতির মাধ্যমে | (ক) হিসাব রক্ষক (প্রধান অফিস) পদে অন্যূন আট বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞানসহ বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| (২৫) | সমাজ বিজ্ঞানী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীতে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| (২৬) | উপ-সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | ২% পদ সার্ভেয়ার এবং ৮% পদ কার্য সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং ৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা বদলীর মাধ্যমে পূরণ করা যাইবে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) সার্ভেয়ার পদে অন্যূন পনের বৎসরের চাকুরী অথবা কার্যসহকারী পদে অন্যূন বিশ বৎসরের চাকুরী; এবং<br>(খ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভাগীয় কারিগরি পরীক্ষায় উত্তীর্ণ ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণ ব্যতীত কেবল এই বিধিমালায় অধীন নিয়োগপ্রাপ্তগণের পদোন্নতির ক্ষেত্রে, পুরকৌশলে ডিপ্লোমাধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>এস্টিমেটর (উপ-সহকারী প্রকৌশলী) বা নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী) পদে কর্মরত ব্যক্তিবর্গের মধ্য হইতে। |
| (২৭) | এস্টিমেটর (উপ-সহকারী প্রকৌশলী) | ৩০ বৎসর | (ক) ২% পদ সার্ভেয়ার এবং ৮% পদ কার্য সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা বদলীর মাধ্যমে পূরণ করা যাইবে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) সার্ভেয়ার পদে অন্যূন পনের বৎসরের চাকুরী অথবা কার্যসহকারী পদে অন্যূন বিশ বৎসরের চাকুরী; এবং<br>(খ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কারিগরি পরীক্ষায় উত্তীর্ণ ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণের পদোন্নতির ক্ষেত্রে, পুরকৌশলে ডিপ্লোমাধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী বা নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী) পদে কর্মরত ব্যক্তিবর্গের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৮) | নক্সাকার (উপ-সহকারী প্রকৌশলী) | ৩০ বৎসর | (ক) ২% পদ সার্ভেয়ার এবং ৮% পদ কার্য সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা বদলীর মাধ্যমে পূরণ করা যাইবে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) সার্ভেয়ার পদে অন্যূন পনের বৎসরের চাকুরী অথবা কার্যসহকারী পদে অন্যূন বিশ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br>(খ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কারিগরি পরীক্ষায় উত্তীর্ণ ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণের পদোন্নতির ক্ষেত্রে, পুরকৌশলে ডিপ্লোমাধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী বা এস্টিমেটর (উপ-সহকারী প্রকৌশলী) পদে কর্মরত ব্যক্তিবর্গের মধ্য হইতে। |
| (২৯) | মেকানিক্যাল ফোরম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে পাওয়ার, মেকানিক্যাল বা অটোমোবাইলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। |
| (৩০) | ল্যাবরেটরী টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা রসায়নসহ স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩১) | পেশ ইমাম | ৪০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>মুয়াজ্জিন পদে অন্যূন সাত বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হইতে কামিল বা সমমানের ডিগ্রী;<br>(খ) হাদিস ও ফিকাহ শাস্ত্রে যথেষ্ট জ্ঞান;<br>(গ) ক্বিরাতে দক্ষতা;<br>(ঘ) সুন্নাহ এর অনুসারী ঃ<br>তবে শর্ত থাকে যে, সামাজিক ও ধর্মীয় বিষয়ে বিশেষ বক্তব্য প্রদান উক্ত বিষয়ে লেখা-লেখিতে পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৩২) | প্রধান সহকারী (প্রধান অফিস) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | (ক) সাঁটলিপিকার/কম্পিউটার অপারেটর পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী;<br>(খ) উচ্চমান সহকারী পদে অন্যূন আট বৎসরের চাকুরী; বা<br>(গ) সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর পদে অন্যূন আট বৎসরের চাকুরী। |
| (৩৩) | হিসাব রক্ষক (প্রধান অফিস) | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) হিসাব রক্ষক (জেলা ও উপজেলা অফিস) পদে অন্যূন আট বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণের পদোন্নতির ক্ষেত্রে, বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (৩৪) | হিসাব রক্ষক (জেলা ও উপজেলা অফিস) | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) হিসাব সহকারী পদে অন্যূন সাত বৎসরের চাকুরী; এবং<br>(খ) হিসাব বিজ্ঞানসহ স্নাতক ডিগ্রী ঃ<br>তবে শর্ত থাকে যে, রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণ ব্যতীত কেবল এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্তগণের পদোন্নতির ক্ষেত্রে, বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (৩৫) | সাঁটলিপিকার/ কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) Stenographers and Stenotypist (Ministries, Divisions and Attached Departments.) Recruitment Rule, 1978 অনুযায়ী; এবং<br>(খ) কম্পিউটার চালনার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যথাযথ যোগ্যতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩৬) | ষাঁট-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) Stenographers and stenotypist (Ministries, Divisions and Attached Departments.) Recruitment Rule, 1978 অনুযায়ী; এবং<br>(খ) কম্পিউটার চালনার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যথাযথ যোগ্যতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৩৭) | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা বদলীর মাধ্যমে পূরণ করা যাইবে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>অফিস সহকারী বা অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর পদে অন্যূন আট বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে স্নাতক ডিগ্রী।<br>**বদলীর ক্ষেত্রে ঃ**<br>ষাঁট-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর অথবা কমিউনিটি অর্গানাইজার পদে কর্মরত ব্যক্তিবর্গের মধ্য হইতে। |
| (৩৮) | কমিউনিটি অর্গানাইজার | ৩০ বৎসর | (ক) ১০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কার্যসহকারী, ইলেকট্রিশিয়ান, অফিস সহকারী বা অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর পদে অন্যূন আট বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী ঃ<br>তবে শর্ত থাকে যে, উচ্চতর ডিগ্রীধারী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৩৯) | মুয়াজ্জিন | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে ফাজিল, আলিম বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোরানে হাফেজ;<br>(গ) ক্বিরাতে দক্ষতা;<br>(ঘ) সুন্নাহ এর অনুসারী;<br>(ঙ) বিবাহিত; এবং<br>(চ) উচ্চ ও সুমিষ্ট কণ্ঠের অধিকারী। |
| (৪০) | সার্ভেয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনষ্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন সার্ভে ডিপ্লোমা। |
| (৪১) | কার্যসহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪২) | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট প্রাপ্ত অথবা কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক কাজের উপর ট্রেড কোর্স পাশ। |
| (৪৩) | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যি বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৪৪) | অফিস সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৪৫) | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) টাইপিং-এ প্রতি মিনিটে অন্যূন বাংলায় ২০ এবং ইংরেজীতে ৩০টি শব্দের গতি; এবং<br>(গ) কম্পিউটারে ডাটা এন্ট্রি অপারেটর হিসাবে Standard Aptitude test এ উত্তীর্ণ। |
| (৪৬) | গাড়ী চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটর গাড়ী চালনায় অন্যূন তিন বৎসরের অভিজ্ঞতা। |
| (৪৭) | ট্রাক চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হেভী গাড়ী চালনায় অন্যূন তিন বৎসরের অভিজ্ঞতা। |
| (৪৮) | রোড রোলার চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হেভী গাড়ী চালনায় অন্যূন তিন বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৯) | এমোনিয়া মেশিন অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | (ক) এম.এল.এস.এস পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী; এবং<br>(খ) এমোনিয়া মেশিন চালনায় দক্ষতা। |
| (৫০) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | (ক) এম.এল.এস.এস পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনায় দক্ষতা। |
| (৫১) | এম.এল.এস.এস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। |
| (৫২) | চৌকিদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন অষ্টম শ্রেণী পাস এবং সুঠাম দৈহিক গঠনসম্পন্ন। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর হোসেন**
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবুল কাসেম, অতিঃ নিয়ন্ত্রক, উপ-নিয়ন্ত্রক এর অতিরিক্ত দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd